ভোরের কাগজ

APR. 1 2 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ২

# রা.বির হলে মধ্যরাতে আবারো শিবির ক্যাডারদের হামলা

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রশিবির ও ছাত্রদল নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের জের ধরে শিবির ক্যাডারা গত মঙ্গলবার গভীর রাতেও কয়েকটি হলে ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলা চালায়। উদ্ভূত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন গত বুধবারের সকল পরীক্ষা স্থগিত করে। তবে থমথমে পরিস্থিতিতে সকল বিভাগের ক্লাস অনুষ্ঠিত হলেও শিক্ষার্থীদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে।

এদিকে বুধবার শিবির ক্যাডাররা প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছবিতে মানুষের বিষ্ঠা ঘষে দেয় বলে ছাত্রদল অভিযোগ করে।

গত মঙ্গলবারের সংঘর্ষের পর বিএনপি ও জামাত নেতাদের মধ্যে কয়েক দফা সমঝোতা বৈঠক হয়। এর পরেও ছাত্রশিবির ক্যাডাররা ছাত্রদলের কয়েকটি কক্ষে হামলা চালিয়ে ছাত্রদল কর্মীদের আহত ও জিনিসপত্র ভাঙচুর করে। আহতদের মধ্যে ৭ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ও ক্লিনিকে ভর্তি করা হয়। এ ছাড়া শিবির ক্যাডাররা বুধবার সকাল ১১টার দিকে শহীদুল্লাহ কলা ভবনের সামনে গোলাম কিবরিয়া নামের এক ছাত্রলীগ কর্মীকে পিটিয়ে আহত করে। আগামী ১৬ মে অনুষ্ঠিত পরীক্ষার ফরম ফিলাপ করতে গেলে শিবিরের ৮-১০ জন ক্যাডার তাকে পিটিয়ে আহত করে রিকশাযোগে ক্যাম্পাস থেকে বের করে দেয়।

এদিকে গত মঙ্গলবার রাতে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছবিতে মানুষের বিষ্ঠা লাগানোর ঘটনা ঘটে। ছাত্রদল অভিযোগ করে গভীর রাতে শিবির কর্মীরা মাদার বক্স হলের ২২৬ নং কক্ষের সামনে বেগম জিয়ার ছবিতে মানুষের বিষ্ঠা লাগিয়ে দেয়। এ কক্ষে ছাত্রদল রা.বি শাখার আহবায়ক তাইফুল ইসলাম টিপু থাকেন।